বাংলাদেশ কৃষি ব্যাংক
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৭৪০২৫
৯৫৬০০৩১-৩৫/২২৫০
ইমেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

নং - প্রকা শানিব্যউবি-১(৯৬)বিটিসিএল/২০১৯-২০২০/৬৫০(১২৫০) তারিখ : ১১.১১.২০১৯

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা
০৩। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : **বিটিসিএল এর টেলিফোন বিলের দৈনিক বিবরণী/ভাউচার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডিসমূহ প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ টেলিকমউনিকেশন্স কোম্পানী লিমিটেড ২৭.১০.২০১৯ তারিখের পত্র নং ডিটিআরএন/টআরসি/ ব্যাংক চুক্তিনামা/ ২০১৭এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। আলোচ্য পত্রের চাহিদা মোতাবেক টেলিফোন বিল সংগ্রহের সমঝোতা চুক্তির শর্ত অনুযায়ী সংগৃহীত টেলিফোন বিলের বিবরণী/ভাউচার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডিসমূহ পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে পত্রে বর্ণিত ঠিকানা বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

১১/১১/২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং - প্রকা শানিব্যউবি-১(৯৬)বিটিসিএল/২০১৯-২০২০/৬৫০(১২৫০) তারিখ : ১১.১১.২০১৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, চীফ জেনারেল ম্যানেজার, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (উত্তর),ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। - ***উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।***
০৬। সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

১১/১১/২০১৯

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড

চীফ জেনারেল ম্যানেজার, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (উত্তর), এর কার্যালয়
গুলশান এক্সচেঞ্জ ভবন, গুলশান-১, ঢাকা-১২১২।

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

নং-ডিটিআরএন/টিআরসি/ব্যাংক চুক্তিনামা/২০১৭ তারিখঃ ১২ -০৭-১৪২৬বঃ/ ২৭-১০-২০১৯খ্রিঃ।

১-৬। ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, জয়দেপুর/শ্রীপুর/কারিয়াকৈর/কাপাসিয়া শাখা গাজীপুর এবং নরসিংদী/নলিতাবাড়ী শাখা, নরসিংদী।

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
নং- ৬৮৫ তাং-০৭.১১.১৯
ডিজিএম. BCBD
স্টাফ অফিসার

মহাব্যবস্থাপক

বিষয়ঃ বিটিসিএল এর টেলিফোন বিলের দৈনিক বিবরণী/ভাউচার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডিসমূহ প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিটিসিএল এর সহিত আপনার ব্যাংকের সহিত স্বাক্ষিরিত সমঝোতা স্মারক/চুক্তির মোতাবেক আপনার ব্যবস্থাপনায় পরিচালিত আপনার ব্যাংক শাখা দ্বারা সংগৃহীত টেলিফোন বিলের বিবরণী, বিল ভাউচার এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে প্রেরণ করিতে হবে বিলয়া উল্লেখ্য রহিয়াছে। কিন্তু আপনার ব্যাংক শাখা কর্তৃক টেলিফোন বিল বাবদ আদায়কৃত অর্থের দৈনিক বিবরণী/ভাউচার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডিসমূহ চুক্তি অনুযায়ী অত্র অফিসে প্রেরণ করা হয় না। ফলে সম্মানিত গ্রাহকগণ আপনার ব্যাংকে যথা সময়ে বিল পরিশোধ করা সত্ত্বেও বিলম্বে পরিশোধ তথ্য অত্র কার্যালয় প্রেরণ করায়, টেলিফোন সংযোগ বিচ্ছিন্নের আওতায় আনা হয়। অন্যদিকে গ্রাহক ভোগান্তির স্বীকার হচ্ছে। তাছাড়া আপনার ব্যাংকের দ্বারা সংগৃহীত টেলিফোন বিলের দৈনিক বিবরণী/ভাউচার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডিসমূহ চুক্তি অনুযায়ী প্রেরণ না করার কারণে ২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাব চুড়ান্ত করতঃ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা যাচ্ছে না।

উল্লেখ্য, ১ জুলাই ২০১৮ খ্রিঃ হতে বিটিসিএল এর অনুমোদিত সাংগঠনিক কাঠামো বাস্তবায়নের ফলে বিটিসিএল এর কালেকশন হিসাবের নাম পরিবর্তন হওয়ায় উর্ধ্বতন হিসাব রক্ষণ অফিসার, টেলিফোন রাজস্ব (উত্তর) ঢাকা, এর পরিবর্তে **চীফ জেনারেল ম্যানেজার, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (উত্তর)**, ঢাকা এর অনুকূলে ইস্যুকৃত চেক/পে-অর্ডার/ডিডি সহ বিলের কপি **উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও রাজস্ব), ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (উত্তর), সিটিএস কম্পাউন্ড (নীচ তলা), তেজগাঁও, ঢাকা-১২০৮** বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, ২০১৮-২০১৯ অর্থ বছরের এর হিসাব চুড়ান্ত করণের লক্ষ্যে আপনার ব্যাংকে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত টেলিফোন বিল বাবদ আদায়কৃত সমুদয় অর্থের পে-অর্ডারসহ ভাউচার ও স্থিতি শূণ্যপূর্বক (Zero Balance) ব্যাংক বিবরণী এবং চুক্তি অনুযায়ী আপনার ব্যাংক শাখা কর্তৃক টেলিফোন বিল বাবদ আদায়কৃত অর্থের দৈনিক বিবরণী/ভাউচার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডিসমূহ ও মাসিক ব্যাংক বিবরণীর হালনাগাদ তথ্য অত্র অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিটিসিএল এর রাজস্ব আদায়ের স্বার্থে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
নম্বর ৪৭৪ তারিখ ১১/১১/১৯
সহকারী মহাব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক

স্বাঃ
(মোঃ শামসুল আলম)
চীফ জেনারেল ম্যানেজার
ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (উত্তর), ঢাকা।
ফোনঃ ০২-৯৮৬৩৩৫৫।

নং-ডিটিআরএন/টিআরসি/ব্যাংক চুক্তিনামা/২০১৭ তারিখঃ ১২-০৭-১৪২৬বঃ/ ২৭ -১০-২০১৯খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির নিমিত্ত প্রেরণ করা হলো।

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন, ৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২৪০৯ তারিখ ঃ ০৫.১১.১৯
ডিএমডি
জিএম OP
ডিজিএম

(মোছাঃ আমিনা খাতুন)
উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও রাজস্ব)
ডিটিআর (উত্তর), ঢাকা।
ফোনঃ ০২-৮১৭০০১৬/৯৮৯৫০৪৪।